অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/2/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল সাবওয়ে সেবা উন্নয়নের পরবর্তী পর্যায় এবং সৈকত পর্যন্ত সম্প্রসারিত সেবার ঘোষণা করলেন

BDJM এ উন্নত দুপুর ও সন্ধ্যার কর্মদিবসের সেবার ফলে প্রতি আট মিনিট অন্তর ট্রেন আসবে

3 এবং 5 নম্বর লাইনে সপ্তাহান্তে সেবা উন্নয়ন শুরু হবে 6 জুলাই

রকাওয়ে পার্ক শাটল 10-কার ট্রেন পরিচালনা করবে এবং 3 সেপ্টেম্বর পর্যন্ত সপ্তাহান্তে রকাওয়ে ব্যুলেভার্ড পর্যন্ত

গভর্নর ক্যাথি হোকল আজকে সাবওয়ে সেবা বৃদ্ধির পরবর্তী পর্যায়ের ঘোষণা করলেন, যা ব্রঙ্কস, ব্রুকলিন, ম্যানহাটন, এবং কুইন্স সেবা প্রদান করা একাধিক সাবওয়ে লাইনে সেবা বৃদ্ধি করবে। 1 জুলাই, সোমবার থেকে **B, D, J** এবং **M** লাইনে কর্মদিবসের দুপুর ও সন্ধ্যার সেবা বৃদ্ধি করা হয়েছে। যাত্রীরা এখন দুপুর ও সন্ধ্যার সময় প্রতি আট মিনিট অন্তর ট্রেন আসতে দেখবে। 6 জুলাই, শনিবার থেকে **3** এবং **5** নম্বর লাইনে উন্নত সপ্তাহান্তের সেবা দেখা যাবে। যাত্রীরা প্রতি 10 মিনিট অন্তর ট্রেন আসতে দেখবে।

"যখন পুরো দেশের ট্রানজিট সিস্টেম সেবা কর্তন করছে, তখন একটি আর্থিক সঙ্কট থেকে মেট্রোপলিটন পরিবহন কর্তৃপক্ষকে (Metropolitan Transportation Authority, MTA) রক্ষা করতে এবং গত বছরের বাজেটে সাবওয়ে সেবা সম্প্রসারণ করতে আমি জোর লড়াই করেছি," **গভর্নর হোকল বলেন।** "এই উন্নয়নকাজসমূহ সিস্টেমে আরো যাত্রীকে ফেরত এনেছে এবং নিউ ইয়র্কবাসীদের জন্য আরো সাশ্রয়ী ও নির্ভরযোগ্য পরিবহন সেবা প্রদান করেছে।"

সেবার উন্নয়নের পাশাপাশি, মেট্রোপলিটন পরিবহন কর্তৃপক্ষ রকাওয়ে পার্ক শাটলকে 10-কার ট্রেনে সম্প্রসারিত করছে, এবং একই সাথে শ্রমিক দিবস পর্যন্ত সপ্তাহান্তে শাটলের রুটকে রকাওয়ে ব্যুলেভার্ড পর্যন্ত বিস্তৃত করছে। শনিবার ও রবিবার, সকাল 9:00টা থেকে রাত 9:00টা পর্যন্ত বিস্তৃত শাটল রকাওয়ে ব্যুলেভার্ড থেকে চলছে, যার ফলে গ্রীষ্মকালে সৈকতে গমনকারীরা লেফার্টস ব্যুলেভার্ড এবং ফার রকাওয়ে শাখা উভয় থেকে A ট্রেনে আসাযাওয়া করতে পারবে।

MTA প্রধান এবং প্রধান নির্বাহী কর্মকর্তা জ্যানো লিবার বলেন, "4 জুলাই আসন্ন তাই নিউ ইয়র্কবাসীরা তাদের সৈকতের দিনগুলির পরিকল্পনা করছে, এবং ট্রানজিট হলো যাতায়াতের সবথেকে সাশ্রয়ী বিকল্প। লং আইল্যান্ড থেকে কনি আইল্যান্ড, অর্চার্ড বীচ ঠকেকে রকাওয়ে বীচ এবং মন্টক বা মিলফোর্ড পর্যন্ত, MTA হলো এইসব স্থানে পৌঁছানোর সবুজ, দ্রুত এবং ঝামেলামুক্ত উপায়।"

NYC ট্রানজিটের (NYC Transit) অন্তর্বর্তীকালীন প্রেসিডেন্ট ডেমেট্রিয়াস ক্রিচলো বলেন, "যেখানেই আমাদের পক্ষে সেবা বৃদ্ধি করা সম্ভব হবে, আমরা তা করবো। গ্রাহকেরা ক্রমাগত বলে যে উন্নত সেবা এবং অপেক্ষার সময় হ্রাস হলে তারা বারবার ফেরত আসবে। সেবা বৃদ্ধির এই চতুর্থ পর্যায় এখন শুরু করতে পেরে আমরা আনন্দিত, এর ফলে যাত্রীরা এই গ্রীষ্মকালে নিউ ইয়র্ক সিটিতে যেই কয়েক লক্ষ্য করার মতো জিনিস আছে তা করতে যাওয়ার জন্য সাবওয়ে ব্যবহার করতে পারবে।"

MTA এর প্রধান গ্রাহক কর্মকর্তা শানিফা রিয়েরা বলেন, "গ্রাহকেরা আরো উন্নত, আরো সুবিধাজনক সেবা চায় যা তাদেরকে দ্রুত ও নিরাপদে তাদের গন্তব্যে নিয়ে যাবে। এই উন্নয়ন এমন একটি সময়ে ব্রুকলিন, কুইন্স, ম্যানহাটন এবং ব্রঙ্কসের যাত্রীদের লাভবান করবে যখন স্কুল বন্ধ থাকার কারণে আমোদ ভ্রমণ সর্বোচ্চ হচ্ছে।"

BDJM এবং **3,5** এর উন্নত সেবা হলো সাবওয়ের সেবা উন্নত করার জন্য অর্থবছর 2024 এর নিউ ইয়র্ক স্টেট বাজেটে অন্তর্ভুক্ত 35 মিলিয়ন মার্কিন ডলারের অংশ। গত জুলাই মাসে NYC ট্রানজিট যখন **G** লাইনে সপ্তাহান্তের সেবা উন্নত করে তখন পরিকল্পিত উন্নয়ন দ্বারা সর্বপ্রথম লাভবান হওয়ার মধ্যে **J** ও **M** লাইন ছিলো।

সেবার উন্নয়নপ্রাপ্ত অন্যান্য সাবওয়ে লাইনের মধ্যে রয়েছে **G, C, N, R, 1** এবং **6**।

রকাওয়ে পার্ক শাটল সাধারণত পাঁচ-করে ট্রেন পরিচালনা করে এবং ব্রড চ্যানেল এবং রকাওয়ে পার্ক বীচ 116 স্ট্রিটের মধ্যে চলাচল করে। রকাওয়ে ব্যুলেভার্ড পর্যন্ত শাটলটির সম্প্রসারিত রুট চারটি স্টপ যোগ করবে - রকাওয়ে ব্যুলেভার্ড, অ্যাকোয়াডাক্ট রেসট্র্যাক, অ্যাকোয়াডাক্ট-N কনডুইট অ্যাভিনিউ এবং হাওয়ার্ড বীচ-JFK বিমানবন্দর।

MTA এর সাথে সৈকতে যান

MTA পুরো লং আইল্যান্ড এবং নিউ ইয়র্ক সিটি সৈকতে সেবাদান করে।

লং আইল্যান্ডের সৈকত
লং আইল্যান্ড রেলরোড (Long Island Railroad, LIRR) সৈকতের মৌসুমের জন্য উন্নত সেবা প্রদান করে, যার মধ্যে রয়েছে ব্যাবিলন বীচ হয়ে জোন্স বীচ, লং বীচ শাখা হয়ে লং বীচ এবং মন্টাক শাখা হয়ে ফায়ার আইল্যান্ডসহ বিভিন্ন সৈকত পর্যন্ত সেবা।

মন্টাক পর্যন্ত অতিরিক্ত ট্রেন প্রদান করে LIRR ক্যানোনবলের সম্পূরক হিসেবে কাজ করে। বৃহস্পতিবার, সকাল 10:58টা থেকে রাত 11:39টা পর্যন্ত মন্টকে মোট সাতটি ট্রেন, এবং শুক্রবার সকাল 10:58টা থেকে রাত 11:39টা পর্যন্ত মন্টকে নয়টি ট্রেন রয়েছে।

যারা লং আইল্যান্ডের নর্থ শোরে তাদের গ্রীষ্মকালের সপ্তাহান্ত কাটাতে পছন্দ করে তাদের জন্য LIRR রনকনকোমা এবং গ্রিনপোর্টের মধ্যকার সপ্তাহান্তের যাত্রার সংখ্যা দ্বিগুণ করে চার থেকে আটটিতে বৃদ্ধি করেছে।

ব্রুকলিনের সৈকত

- **D, F, N,** এবং **Q** এবং সেই সাথে B36, B68 এবং B82 বাস কনি আইল্যান্ডে থামে। গ্রাহকেরা এছাড়াও ওয়েস্ট 8 স্ট্রিট NY অ্যাকোয়ারিয়াম পর্যন্ত কনি আইল্যান্ডগামী **F** বা **Q** ট্রেনে উঠতে পারবে।
- **B** এবং **Q** সাওবয়ে লাইন এবং সেই সাথে B1 এবং B68 বাসে গ্রাহক ব্রাইটন বীচে যেতে পারে।
- B1 এবং B49 বাসে গ্রাহক ম্যানহাটন বীচে যেতে পারে।

স্ট্যাটেন আইল্যান্ডের সৈকত

- স্ট্যাটেন আইল্যান্ডে S51, S52 এবং S81 বাস সাউথ বীচে থামে। S51 এবং S81 এছাড়াও মিডল্যান্ড বীচেও থামে।
- S76 এবং S86 বাসে গ্রাহক সিডার গ্রোভ বীচে যেতে পারে।
- বে টেরেন্স পর্যন্ত স্ট্যাটেন আইল্যান্ড রেলওয়ে (Staten Island Railway, SIR) এবং সেই সাথে S78 এবং S79 বাসে গ্রাহক গ্রেট কিলস পার্কে যেতে পারে।
- প্রিন্সেস বে পর্যন্ত SIR, এবং সেই সাথে S55 এবং S56 বাসে গ্রাহক উলফস পন্ড বীচে যেতে পারে।

কুইন্সের সৈকত

- রকাওয়ে বীচে দুইটি সাবওয়ে লাইন, পাঁচটি বাস, এবং একটি LIRR স্টপিংসহ বলিষ্ঠ সেবা রয়েছে। গ্রাহকেরা A বা রকয়ে পার্ক শাটল, ফার রকাওয়ে পর্যন্ত LIRR বা Q22, Q35, Q53-SBS, Q52-SBS বা Q114 বাসে উঠতে পারবে।

ব্রঙ্কসের সৈকত

- Bx29 এ গ্রাহক সিটি আইল্যান্ড/অর্চার্ড বীচে যেতে পারে।

কাইনেকাট সৈকত

- গ্রাহকরা মিলফোর্ড পর্যন্ত মেট্রো-নর্থ রেলরোডে (Metro-North Railroad) যেতে পারবে, যেখান থেকে তারা সিলভার স্যান্ডস বীচ, ওয়ালনাট বীচ বা ওয়াইল্ডমেয়ার বীচসহ একাধিক সৈকতে যেতে পারবে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন